

ঢাকা কলেজের ১৭৪ বছর পূর্তি  
অনার্স কলেজগুলোর  
উন্নয়নে ব্যাপক  
কর্মসূচি : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

অনার্স কোর্সে পাঠদানকারী কলেজগুলোর উন্নয়নে ব্যাপক কর্মসূচি হাতে নিয়েছে সরকার। ইতিমধ্যে সারা দেশে ৭০টি কলেজ-বাছাই করা হয়েছে। যেগুলোতে ২০ কোটি টাকা ব্যয়ে ল্যাব, ক্লাসরুম ও ছাত্রাবাস নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল শনিবার রাজধানীর ঐতিহ্যবাহী ঢাকা কলেজের ১৭৪ বছর পূর্তি উৎসবে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ সব কথা বলেছেন। এ সময় মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে শিক্ষকদের আরো বেশি দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান তিনি। এর আগে সকালে উৎসবের বর্ণাঢ় শোভাযাত্রার উদ্বোধন করেন তিনি। নুরুল ইসলাম নাহিদ বলেন, নৈতিকতা না থাকলে শিক্ষার্থীরা মেধা দিয়েও খারাপ কাজ করতে পারে। এ জন্য একাডেমিক শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধের বিকাশ ঘটাতে হবে। অন্যথায় তারা মেধাকে কাজে লাগিয়ে খারাপ কাজে লিপ্ত হতে পারে। আগামী বছর শিক্ষাপ্রতিষ্ঠানটি পৌনে দুই শ বছর পার করবে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, বিষয়টি অত্যন্ত গৌরবের। ঐতিহ্যবাহী এই শিক্ষাপ্রতিষ্ঠানে হাজার হাজার শিক্ষার্থী অধ্যয়ন করেছে। তবে সেই তুলনায় শিক্ষক সংকট থাকলেও ফলাফলে ঢাকা কলেজ ভালো করেছে। ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডুহিন আফরোজ আলমের সভাপতিত্বে অন্য শিক্ষকরাও বক্তব্য দেন।